

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০২.০৭.০১৬.২২- ৩৬২(২৫)

তারিখঃ ২২/০৬/২০২৩ খ্রি।

**ঃ অস্থায়ী গরু/ছাগলের (পশুর) হাট-২০২৩ ইজারা বিজ্ঞপ্তিঃ**

জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয়ের কার্যালয় স্থানীয় সরকার শাখার ২২/০৬/২০২৩খ্রি. তারিখের ০৫. ৪১. ৬৭০০. ৭০১. ০৯.০০১.২২-২১৪ নং স্মারকেরএর পরিপ্রেক্ষিতে পবিত্র ঈদ-উল-আযহা/২০২৩ উপলক্ষে সোনারগাঁ উপজেলার নিম্নোক্ত অস্থায়ী গরু/ছাগলের হাট(পশুর) ইজারা দেয়ার নিমিত্তে নির্ধারিত ফরমে (সিডিউলে) সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

- ক) দরপত্র প্রাপ্তির স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- খ) দরপত্র বিক্রয়ের সময় : ২৫/০৬/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে ২৬/০৬/২০২৩খ্রি. তারিখ বেলা ১২.০০ পর্যন্ত।
- গ) দরপত্র গ্রহণের স্থান, তারিখ ও সময় : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনারগাঁ।  
২৬/০৬/২০২৩ খ্রি. তারিখ, দুপুর ১২.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত।
- ঘ) দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনারগাঁ।  
২৬/০৬/২০২৩ খ্রি. তারিখ বিকাল ২:০০ ঘটিকা দরপত্র  
দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ঙ) দরপত্র সংক্রান্ত তথ্য : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে  
দরপত্রের বিষয়ে সকল প্রকার তথ্য জানা যাবে।

ক্রমিক নং	অস্থায়ী পশুর হাটের নাম	২০২৩ সালে সরকারী মূল্য	সিডিউলের মূল্য
০১	সাদিপুর ইউনিয়নের বেইলর মোনতাহা স্টিল মিলের উল্টো দিকে বালুর মাঠে অস্থায়ী পশুর হাট	৩০,০০০/-	৫০০/-

**শর্তাবলীঃ**

- ০১। দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এর বরাবরে প্রদত্ত দরের ৫০% যে কোন তফসিল ব্যাংকের ডিডি/পে-অর্ডার জামানত হিসেবে জমা প্রদান করতে হবে।
- ০২। সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও অনুমোদনের সাথে সাথে অবশিষ্ট ৫০% অর্থ এবং দরপত্রে উল্লেখিত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর তাৎক্ষণিকভাবে জমা দান করতে হবে। ব্যর্থতায় দরপত্র বাতিলসহ জামানত বাজেয়াপ্ত হবে।
- ০৩। কোন বিষয়ে কোন অস্পষ্ট বা ব্যাখ্যার প্রয়োজন হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৪। ঈদের পূর্বে সর্বোচ্চ ০৩ (তিন) দিন অস্থায়ী গরু ছাগলের হাট বসানো যাবে।
- ০৫। সড়ক ও মহাসড়কের উপর এমনকি মহাসড়কের ১০ মিটারের মধ্যে হাট বসানো যাবেনা, যানজট সৃষ্টি করা যাবেনা এবং নৌ-পথে/ সড়ক পথে যাতায়াতকারী কোরবানীর পশু বহনকারী ট্রাক/নৌযান হতে ইচ্ছার বিরুদ্ধে হাটে গরু/ছাগল নামানো যাবেনা।
- ০৬। পশুর হাট চলাকালীন প্রতিদিন সকাল ৭টার মধ্যে হাট প্রাপ্তন অবশ্যই ইজারাদার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন। হাট প্রাপ্তনে স্থাপিত স্থায়ী ও অস্থায়ী টয়লেটসমূহ ঘন ঘন পরিষ্কার করতে হবে।
- ০৭। হাটের নির্ধারিত তারিখ ও সময় নিম্নস্বাক্ষরকারীরকে অবহিত করতে হবে।
- ০৮। নির্ধারিত স্থান ব্যতিত অন্য স্থানে হাট বসালে ও আইন-শৃঙ্খলার অবনতির আশংকা থাকলে এবং যে কোন শর্ত ভঙ্গের কারণে কর্তৃপক্ষ বিনা নোটিশে হাট বন্ধ করতে পারবেন।
- ০৯। হাটের প্রবেশ পথ ও বহির্গমন পথে অস্থায়ী জীবানুনাশক টানেল, থার্মাল স্যানিটার ও হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে। সকলকে আবশ্যিকভাবে মাস্ক, গ্লাভস ও অন্যান্য সুরক্ষা সামগ্রী ব্যবহার করতে হবে এবং ঘন ঘন হ্যান্ড স্যানিটাইজার ও সাবান দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- ১০। পশুর হাটে ক্রেতা বিক্রেতাসহ আগত সকলকেই নূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বাজয় রাখা বাধ্যতামূলক।
- ১১। পশুর হাটের জন্য নির্ধারিত স্থানে জীবানুমুক্ত খাবার পানির ব্যবস্থা ছাড়া অন্য কোন প্রকার ভ্রাম্যমান খাবারের দোকান, ফেরীওয়ালা বসতে পারবেনা।
- ১২। পশুর হাটে অসুস্থ ব্যক্তি, ১০ বছরের কম বয়সী শিশুদের আসা নিষিদ্ধ রাখতে হবে।

- ১৩। যেখানে সেখানে ময়লা ফেলা যাবে না। নির্দিষ্ট দূরত্ব পর পর অস্থায়ী ডাস্টবিন স্থাপন করতে হবে। ব্যবহৃত মাস্ক ও গ্লাভসসহ ঝুঁকিপূর্ণ বর্জ্য অপসারণের পৃথক ব্যবস্থা থাকতে হবে।
- ১৪। হাটে স্থাপিত জাল টাকা ও সনাক্তকরণ বুথ, মোবাইল ব্যাংকিং এজেন্ট বুথ, পশু স্বাস্থ্য নিরীক্ষা বুথ ইত্যাদি সকল বুথে প্রয়োজনীয় স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।
- ১৫। গবাদি পশু রাখার স্থানগুলোকে নির্দিষ্ট দূরত্ব পর পর একাধিক ব্লকে বিভক্ত করতে হবে যেন পর্যাপ্ত সামাজিক দূরত্ব বজায় থাকে।
- ১৬। সেচ্ছাসেবক টিম গঠন করে তালিকা জেলা প্রশাসক বরাবর পাঠাতে হবে।
- ১৭। মেডিকেল টিম ও প্রানিসম্পদ চিকিৎসকের জন্য আবশ্যিকভাবে সেবা বুথ থাকতে হবে।
- ১৮। জন জীবনে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

(মোঃ রেজওয়ান-উল-ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

তারিখঃ ২২/০৬/২০২৩ খ্রি।

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০০২.০৭.০১৬.২২-

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। মাননীয় সংসদ সদস্য, ২০৬, নারায়ণগঞ্জ-০৩, সোনারগাঁ।
- ০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ।
- ০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

অনুলিপিঃ কার্যার্থেঃ

- ০১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ০২। অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা, নারায়ণগঞ্জ।
- ০৩। উপজেলা-----অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ (সকল), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ----- ইউনিয়ন ভূমি অফিস, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- তাকে সংশ্লিষ্ট ইউনিয়নের অর্ন্তগত অস্থায়ী গরু ছাগলের হাটের ইজারা বিজ্ঞপ্তি টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জনাব ----- ইজারাদার ----- হাট-বাজার।

(মোঃ রেজওয়ান-উল-ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ